গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪২.০০.০০০০.০৪১.০১৪.০২.১৬-৪৩ তারিখ: ০২ ফাল্গুন, ১৪২৪
১৪ ফেব্রুয়ারি, ২০১৮

বিষয়: 'লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলাধীন সাবেক ১১৯ নং বাঁশকাটা ছিটমহল এর ঘোষপাড়া, দয়ালটারী ও বোস্টারী এলাকায় ধরলা নদীর বাম ও ডান তীর বরাবর নদীতীর সংরক্ষণ কাজ' শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

গত ৩০-০১-২০১৮ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. জাফর আহমেদ খান এঁর সভাপতিতে 'লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলাধীন সাবেক ১১৯ নং বাঁশকাটা ছিটমহল এর ঘোষপাড়া, দয়ালটারী ও বোস্টারী এলাকায় ধরলা নদীর বাম ও ডান তীর বরাবর নদীতীর সংরক্ষণ কাজ' শীর্ষক প্রকল্পের উপর বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ডিপিইসি সভার কার্যবিবরণী।

Hossain
১৪.০২.১৮

(মোঃ মোক্তার হোসেন)
সহকারী প্রধান
ফোনঃ ৯৫৭৭২৩৪

<u>বিতরণ (জেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। সিনিয়র সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। সচিব, মহিলা এবং শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, পরিবেশ এবং বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৮। সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৯। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১০। যুগ্ম প্রধান, একনেক, পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
১১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১৩। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিওন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১৪। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন (৩য় তলা), মতিঝিল বা/এ, ঢাকা।
১৫। যুগ্ম প্রধান (পরিকল্পনা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। প্রধান (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন (৩য় তলা), মতিঝিল বা/এ, ঢাকা।
১৭। যুগ্ম সচিব (উন্নয়ন-২ অধিশাখা),পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, উত্তরাঞ্চল, রংপুর।
১৯। উপপ্রধান-১, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা),পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। উপপ্রধান-২, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। সিনিয়র সহকারী প্রধান-৩, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩। প্রকল্প পরিচালক/ নির্বাহী প্রকৌশলী, লালমনিরহাট পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, লালমনিরহাট।
২৪। সহকারী প্রধান-১, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫। সহকারী প্রধান-২, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬। সহকারী প্রধান-৪, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭। সহকারী প্রধান-৫, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮। উপবিভাগীয় প্রকৌশলী, লালমনিরহাট পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, লালমনিরহাট।
২৯। সহকারী প্রকৌশলী, লালমনিরহাট পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, লালমনিরহাট।

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুলিপি প্রেরণ করা হলো:</u>

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, *পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ডিপিইসি সভার কার্যবিবরণী পানি সম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রচারের* অনুরোধসহ)।
৩। যুগ্ম প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অফিস কপি/ মাষ্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : 'লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলাধীন সাবেক ১১৯ নং বাঁশকাটা ছিটমহল এর ঘোষপাড়া, দয়ালটারী ও বোস্টারী এলাকায় ধরলা নদীর বাম ও ডানতীর বরাবর নদীতীর সংরক্ষণ কাজ' শীর্ষক প্রকল্পের ১ম সংশোধন প্রস্তাবের উপর অনুষ্ঠিত বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড. জাফর আহমেদ খান
তারিখ	:	৩০-০১-২০১৮ খ্রি.
স্থান	:	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ
সময়	:	বেলা ২.০০ টা

পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব ড. জাফর আহমেদ খানের সভাপতিত্বে 'লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলাধীন সাবেক ১১৯ নং বাঁশকাটা ছিটমহল এর ঘোষপাড়া, দয়ালটারী ও বোস্টারী এলাকায় ধরলা নদীর বাম ও ডানতীর বরাবর নদীতীর সংরক্ষণ কাজ' শীর্ষক প্রকল্পের বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা 'পরিশিষ্ট ক' -তে সন্নিবেশিত।

০২। **উপস্থাপন:**

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্ম প্রধান প্রকল্পটি উপস্থাপন করেন। তিনি বলেন, লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলাধীন ধরলা নদীর ভাঙন হতে সাবেক ১১৯ নং বাঁশকাটা ছিটমহল এলাকা রক্ষার্থে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। সাবেক ১১৯ নং বাঁশকাটা ছিটমহলের ২.০৫০ কিমি এলাকা ধরলা নদীর মারাত্মক ভাঙন হতে রক্ষা, ৪ কিমি দৈর্ঘ্যে নদী খননকৃত মাটি/বালি/পলি দ্বারা নীচু ভূমি ও মাটির রাস্তা উঁচু করার মাধ্যমে বর্ষা মৌসুমে প্রকল্প এলাকায় স্থাবর-অস্থাবর সম্পত্তি (বাড়ি-ঘর, কৃষিজমি, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান এবং অন্যান্য স্থাপনা (প্রায় ৮২৮০.০০ লক্ষ টাকার সম্পদ) বন্যার কবল হতে রক্ষা, কাঁচা-পাকা রাস্তা নদী ভাঙন হতে রক্ষা করে যোগাযোগ ব্যবস্থাকে পুনর্বহাল করার মাধ্যমে প্রকল্প এলাকায় বসবাসরত জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নসহ জীবনযাত্রার উন্নতিসাধন করার লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পের প্রস্তাবিত সংশোধিত ব্যয় ২৪৭২.০০ লক্ষ টাকা এবং মেয়াদ জানুয়ারি/২০১৭ হতে জুন/২০১৯। প্রকল্পটির মূল কাজ নদীতীর প্রতিরক্ষা কাজ ২.০৫০ কিমি এবং নদী ড্রেজিং কাজ ৪.০০ কিমি।

০৩। **আলোচনা:**

৩.১। সভাপতি প্রকল্পের সংশোধনের যৌক্তিকতা সম্পর্কে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান, ছিটমহলের অবহেলিত মানুষের বাড়ি-ঘর ও ফসলি জমি রক্ষার উদ্দেশ্য গত ১৪-০২-২০১৭ তারিখে প্রকল্পটি অনুমোদিত হয় যার প্রাক্কলিত মূল্য ছিল ২৪.৭৪৬৩ কোটি টাকা এবং মেয়াদ ছিল জানুয়ারি, ২০১৭ হতে জুন, ২০১৯। কিন্তু গত বছরের বন্যায় প্রকল্পের ঘোষপাড়া এলাকায় কিছু অংশের কাজ ক্ষতিগ্রস্ত হয়। তা ছাড়া, দয়ালটারী এলাকায় উজানে নতুন করে ভাঙনের সৃষ্টি হওয়ায় বাস্তবায়িত কাজ ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা দেখা দেয়। এ সকল পরিবর্তিত অবস্থা মোকাবেলার লক্ষ্যে প্রকল্পের সংশোধিত ডিপিপি দাখিল করা হয়েছে।

৩.২। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সংশোধিত ডিপিপি-তে ব্যয় হ্রাস-বৃদ্ধির বিষয়ে জানতে চাইলে নির্বাহী প্রকৌশলী জানান এক্ষেত্রে ডিপিপি ব্যয় বৃদ্ধি পাবে না। তা ছাড়া, নতুন কাজের যে ব্যয় নির্ধারণ করা হয়েছে তা হালনাগাদ রেট অব শিডিউল ব্যবহার করে নির্ধারণ করা হয়েছে।

৩.৩। উপপ্রধান-০২ বলেন, প্রকল্পটি মাত্র গত বছর অনুমোদিত হয়েছে। এরই মধ্যে তা সংশোধনের প্রস্তাব করা হচ্ছে। এক্ষেত্রে চলমান কাজের বাস্তবায়নের পরিকল্পনা কি হবে তিনি তা জানতে চান। নির্বাহী প্রকৌশলী বলেন, চলমান কাজের অগ্রগতির হার আশানুরুপ। তাই নির্ধারিত সময়ের পূর্বে চলমান কাজসমূহ সমাপ্ত হবে মর্মে তিনি মত প্রকাশ করেন।

৩.৪। সভাপতি বলেন, প্রস্তাবিত আরডিপিপি-তে কিছু কাজের পরিমাণ বৃদ্ধি পেলেও ব্যয় বৃদ্ধি পায়নি। অধিকন্তু ছিটমহলবাসীর ঘর-বাড়ী ও সম্পত্তি রক্ষার্থে এ কাজ বাস্তবায়ন করা জরুরি। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত প্রকাশ করেন।

০৪। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৪.১। 'লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলাধীন সাবেক ১১৯ নং বাঁশকাটা ছিটমহল এর ঘোষপাড়া, দয়ালটারী ও বোস্টারী এলাকায় ধরলা নদীর বাম ও ডানতীর বরাবর নদীতীর সংরক্ষণ কাজ' শীর্ষক প্রকল্পের সংশোধিত ডিপিপি প্রস্তাব অনুমোদনের জন্য সুপারিশ করা হলো; এবং

৪.২। নির্ধারিত সময়ে ডিপিপি-তে সংস্থানকৃত সকল কাজ সমাপ্ত করতে হবে।

৫। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভায় উপস্থিত সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. জাফর আহমেদ খান)
সিনিয়র সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়

বিষয়	:	লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলাধীন সাবেক ১১৯নং বাঁশকাটা ছিটমহল এর ঘোষপাড়া, দয়ালটারী ও বোস্টারী এলাকায় ধরলা নদীর বাম ও ডান তীর বরাবর নদীতীর সংরক্ষণ কাজ শীর্ষক প্রকল্পের ডিপিইসি সভা।
তারিখ	:	৩০/০১/২০১৮ খ্রি. মঙ্গলবার।
সময়	:	বেলা ২.০০ টা।
স্থান	:	পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৪০৬, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

<u>উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকাঃ</u>

ক্র:নং	কর্মকর্তাবৃন্দের নাম ও পদবী	দপ্তর	মোবাইল নম্বর, ই-মেইল	স্বাক্ষর
২।	মো: মোজাম্মেল হক চৌধুরী ADC (W.R)	DWDB	০১৫৫৭৫৬৮৫২২	[signature]
৩।	মোহাম্মদ শাহাবুদ্দিন অতি: মহাপরিচালক (পরিকল্পনা)	বাপাউবো	০১৭১১৬১৪১১৭৯	[signature]
৪।	এ,এম, আমিনুল হক প্রধান পরিকল্পনা	বাপাউবো	০১৫৫২৩৯৬৭৭৬	[signature] ৩০.১.১৮
৫।	মো: ইকবাল উল্লাহ পরিচালক	ওয়ারপো	০১৭১৫০৬৪৯২২	[signature] ৩০/১/১৮
৬	সৈয়দা সালমা জাফরীন উপসচিব	পরিবেশ ও বন মন্ত্রণালয়	০১৭৪৫৭০৬৮৮৮৯	[signature] ৩০.০১.১৮
৭.	মো: সাইফুল্লা রহমান সহ. প্রধান	পাসম		[signature] ৩০/১/১৮
৮.	মাসুরুন নাহার সহকারী প্রধান	পাসম		Nahar ৩০/১/১৮

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকাঃ

ক্র:নং	কর্মকর্তাবৃন্দের নাম ও পদবী	দপ্তর	মোবাইল নম্বর, ই-মেইল	স্বাক্ষর
	মো: মোশারফ হোসেন সহ: প্রধান	পাসস	01710974488	[signature]
	মুহাম্মদ মাজহারুল ইসলাম সহ: প্রধান	পাসস	01719156780	[signature]
	মোতাহার হোসেন প্র: প্র: কর্মকর্তা	প্রাণি সে.	01712134177	[signature]